তারিখ ..17 AUG 2017...
পৃষ্ঠা ...১৪... কলাম....৮.......

দৈনিক
ইত্তেফাক

# মাগুরায় বৃষ্টিতে ফসলের ক্ষতি শিক্ষা প্রতিষ্ঠানে জলাবদ্ধতা

■ মাগুরা প্রতিনিধি

মাগুরায় অতি বৃষ্টিতে কাঁচা মরিচসহ বিভিন্ন ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে। কাঁচা মরিচের ক্ষেতে পানি ঢুকে মরিচ গাছ মারা গেছে। ফলে বাজারে মরিচের সংকট দেখা দেওয়ায় গত এক মাস আগের তুলনায় মরিচের দাম প্রায় তিনগুণ বৃদ্ধি পেয়ে ১শ টাকার ওপরে কেজি বিক্রি হচ্ছে।

সদরের বেলনগর গ্রামের কৃষক আক্কাস আলী, বেনিপুর গ্রামের কৃষক জয়ন্ত বিশ্বাসসহ একাধিক কৃষক বলেন, 'জেলা সদরে বেশি মরিচের আবাদ হয়। মরিচ থেকে এই এলাকার কয়েক হাজার কৃষক লাভবান হন। এবার অতি বৃষ্টিতে পানি জমে গিয়ে মরিচ গাছ মরে যাওয়ায় তাদের সব শেষ।

গত এক মাস আগেও প্রতি কেজি দেশি কাঁচা মরিচের দাম ছিল ৩০ থেকে ৪০ টাকা। সেই কাঁচা মরিচ কেজি এখন বাজার ও মানভেদে ১০০ থেকে ১২০ টাকা।

## মাগুরা কৃষি ইনস্টিটিউট মাঠে জলাবদ্ধতা

শালিখা (মাগুরা) সংবাদদাতা জানান, মাগুরা কৃষি ইনস্টিটিউট, রামপুর, শালিখা, মাগুরা অতিবৃষ্টির কারণে পানির ওপর ভাসছে। কলেজের মাঠ ও ভবনের চারপাশে পানিতে তলিয়ে চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। জলাবদ্ধতার কারণে কলেজ কর্তৃপক্ষ সাময়িকভাবে পাঠদান বন্ধ করে রেখেছে। শুধুমাত্র কলেজের অফিস কক্ষ খোলা আছে। কলেজের মাঠ নিচু হওয়ায় চারপাশে পানি এসে কলেজের মাঠে প্রায় হাঁটু পানি জমেছে।

কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মো. নওয়াব আলী বলেন, কলেজটি ২০০৬ সাল থেকে মাগুরার একমাত্র কৃষি কলেজ হিসেবে পাঠদান করে আসছে। এ কলেজ থেকে পাস করে অনেকেই ভালো ভালো চাকরি করছে। অথচ এই কলেজের অবকাঠামোর কোনো উন্নতি হয়নি। কলেজের মাঠে যদি উঁচু করে মাটি দেওয়া হত তাহলে অতিবৃষ্টিতে এই জলাবদ্ধতা হত না। আজ পর্যন্ত সরকারিভাবে কোনো সহযোগিতা পায়নি। এ পর্যন্ত ৫-৬শ ছেলে-মেয়ে পাস করে বের হয়েছে এবং বর্তমানে প্রায় ২শ শিক্ষার্থী অধ্যয়নরত রয়েছে। চার বছর এই কৃষি ডিপ্লোমা কলেজ এলাকার ব্যাপক কৃষি শিক্ষায় শিক্ষার্থীদের শিক্ষিত করে কৃষি ক্ষেত্রে বিরাট অবদান রাখবে বলে কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি শ্রী রমেশ চন্দ্র সরকার বলেন।



ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
চীফ, প্রশিক্ষণ বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর